১০০০ টাকা ব্যাংকনোটের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ

নোটের বামপাশে ৫ মিলিমিটার চওড়া নিরাপত্তা সুতা রয়েছে, যা সোনালী হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয় এবং এতে বাংলাদেশ ব্যাংকের লোগো ও '১০০০ টাকা' লেখা রয়েছে। নোটটি আলোর বিপরীতে ধরলে তা দৃশ্যমান হবে। নোটটি নাড়াচাড়া করলে এতে হলোগ্রাফিক ইমেজ দেখা যাবে।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা ঃ

নোটের সামনের দিকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি ও বাংলাদেশ ব্যাংক লেখা এবং নোটের মূল্যমান ইন্ট্যাগ্লিও কালিতে মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

OVI ঃ

নোটের উপরের ডানকোণায় সোনালী থেকে সবুজ রংয়ের OVI (Optically Variable Ink) দ্বারা **1000** লেখা রয়েছে, নোটটি নাড়াচাড়া করলে যা সোনালী থেকে সবুজ রংয়ে পরিবর্তন হবে।

অতি ছোট আকারের লেখা ঃ

অতি ক্ষুদ্র আকারের BANGLADESH BANK এবং 1000 TAKA পুন:পুন: এই লাইন দুইটিতে মুদ্রিত রয়েছে। লেখাগুলো অতি ক্ষুদ্র আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে এগুলো দেখা যাবে না।

লুকানো ছাপা ঃ

নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় ১০০০ মুদ্রিত আছে। নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা ঃ

অন্ধদের জন্য নোটের ডানদিকে ৭টি সমান্তরাল লাইন ও এর নীচে ৫টি ছোট বৃত্ত ইন্ট্যাগ্লিও কালিতে মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

জলছাপ ঃ

কাগজে জলছাপ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে 1000 লেখা এবং উপরে বামপাশে বাংলাদেশ ব্যাংকের লোগোর উজ্জ্বলতর জলছাপ রয়েছে।

ইরিডিসেন্ট ষ্ট্রাইপ ঃ

নোটের পিছনের দিকে BANGLADESH BANK লেখা ৮ মি.মি. চওড়া ইরিডিসেন্ট ষ্ট্রাইপ রয়েছে; নোটটি নাড়াচাড়া করলে ষ্ট্রাইপটি হলুদ থেকে নীল রংয়ে পরিবর্তন হবে।

ইন্ট্যাগ্লিও কালির অসমতল ছাপা ঃ

নোটের পিছনের দিকে ইন্ট্যাগ্লিও কালিতে জাতীয় সংসদ ভবনের চিত্র মুদ্রিত আছে, যা হাতের স্পর্শে উঁচু-নীচু অনুভূত হবে।

কাগজ ঃ

নোটটি ১০০% কটন ফাইবার দ্বারা পরিবেশ বান্ধব উন্নত মানের কাগজে মুদ্রিত। এতে লাল, নীল ও হলুদ রংয়ের অদৃশ্য ফাইবার রয়েছে, যা UV (Ultra Voilet) লাইটে দৃশ্যমান হবে।

নোটের সাইজ : ৭০ X ১৬০ মিলিমিটার।

ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন

বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features